

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
রাজস্ব (এসএ) শাখা
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৮.৬৬.০০৪.২১.২৬

তারিখ: ৪ চৈত্র ১৪২৭
১৮ মার্চ ২০২১

বিষয়: হবিগঞ্জ জেলার গেজেটভুক্ত সিলিকা বালু কোয়ারিসমূহ ১৪২৮-১৪২৯ (১৪২৮ থেকে ৩০ চৈত্র ১৪২৯) বাংলা সন মেয়াদে ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার ইজারায়োগ্য সিলিকা বালু কোয়ারিসমূহ ১৪২৮ থেকে ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা দেওয়ার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলির অধীনে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে নিম্নোক্ত দিনপঞ্জি মোতাবেক অনলাইনে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

দিনপঞ্জি

| দরপত্রের পর্যায় | দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ও সময় | অনলাইনে দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | অনলাইনে পূরণকৃত আবেদনের কপি এবং আনেষ্টিম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ব্যাঙ্ক ড্রাফট জমা প্রদানের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|------------------|--|---|--|------------------------------------|
| ১ম | ২২.০৩.২০২১ সময় : সকাল ৯:০০ টা | ১১.০৪.২০২১ সময় : রাত ১০:০০ টা | ১২.০৪.২০২১ সময় : সকাল ৯:০০ টা - বিকাল ৪:০০ টা | ১২.০৪.২০২১ সময় : বিকাল ৫:০০ টা |
| ২য় | ১৩.০৪.২০২১ সময় : সকাল ৯:০০ টা | ২৬.০৪.২০২১ সময় : রাত ১০:০০ টা | ২৭.০৪.২০২১ সময় : সকাল ৯:০০ টা - বিকাল ৪:০০ টা | ২৭.০৪.২০২১ সময় : বিকাল ৫:০০ টা |
| ৩য় | ২৮.০৪.২০২১ সময় : সকাল ৯:০০ টা | ১১.০৫.২০২১ সময় : রাত ১০:০০ টা | ১২.০৫.২০২১ সময় : সকাল ৯:০০ টা - বিকাল ৪:০০ টা | ১২.০৫.২০২১ সময় : বিকাল ৫:০০ টা |

ইজারায়োগ্য সিলিকাবালু কোয়ারির তালিকা

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একর) | সরকারি ধার্য কৃত ইজারামূল্য (টাকা) | মন্তব্য |
|---------|---------------|-----------|---------|----------|----------|-------------|------------------------------------|---------|
| ১ | মনতলা চৌমুহনি | কাশিমপুর | ১৩৫ | ৩০৭, ৮৭৬ | ৯৫.১১ | ২০.৫৮ | ৭০৪০০০০ | |

| | | | |
|--|-----------|-----|-------------------------------|
| | আলবক্সপুৰ | ১৫৬ | ২৪১, ২৮৭ |
| | মনোহৰপুৰ | ১৩৩ | ১৬২ |
| | মঙ্গলপুৰ | ১৫৫ | ৪১৫, ৫৩০, ১২৭৭, ১২৮২, ১২৩৬ |
| | গাজীপুৰ | ১৬০ | ১, ৮৭৭ |
| | আশ্ৰফপুৰ | ১৩২ | ৭, ১, ২ |

| ক্রঃ নং | কোয়ারিৰ নাম | মৌজাৰ নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একৰ) | সৰকাৰি ধাৰ্য কৃত ই জাৰামূল্য (টাকা) | মন্তব্য |
|------------|----------------|-----------|---------|--------------------------------|-------------|----------------|--|---------|
| ২ | মনতলা বালিমহাল | বোৱহানপুৰ | ১১১ | ১, ২১০, ২০৬, ১ ৮০ | ৯৩.৬২ | ২৬.৭২ | ৫৭২০০০০ | |
| | | ডবানীপুৰ | ১৩১ | ২৪, ৩০, ৬৬, ৭ ০, ৭৭, ২১১ | | | | |
| | | দূৰ্ভপুৰ | ১২৫ | ১, ১০৭, ৮০১ | | | | |
| | | আফজলপুৰ | ১২৪ | ২০২, ৪৩৭, ১৩৮ ১, ১৩১৫, ১৩১১ | | | | |
| | | বহুৱা | ১৩৪ | ৪৩৬ | | | | |

| ক্রঃ নং | কোয়ারিৰ নাম | মৌজাৰ নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একৰ) | সৰকাৰি ধাৰ্য কৃত ই জাৰামূল্য (টাকা) | মন্তব্য |
|------------|--------------|---------------|---------|---|-------------|----------------|--|---------|
| ৩ | ৰসুলপুৰ | এক্তিয়ারপুৰ | ৬০ | ১, ২০, ৯৩, ১০২, ১১১, ৩৩৯ | ৯৪.৮৫ | ১৬.৭৬ | ৭৩৭০০০০ | |
| | | ডাঙাৰুয়া | ৮৫ | ৪২০, ৬২৫, ৬২৬ | | | | |
| | | শাহাজাহানপুৰ | | ৫৭৫, ৬৭৯, ৬৮ ৩, ৭১৩ | | | | |
| | | সম্পদপুৰ | ৬৩ | ১৫৯, ২০২, ৪১৮, ৪৪২, ৪৮১, ৫১৯, ৬৭৪, ৬৪৬, ৬৫ ৩ | | | | |
| | | বড় ডালিয় | | ৫৯২, ৫৯৫, ২৩ ৮, ১১৭ | | | | |
| | | সেলিমপুৰ | ৪৬ | ৩১৫, ৩১০ | | | | |
| | | ৰসুলপুৰ উত্তৰ | | ৩০৫ | | | | |

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একর) | সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা) | মন্তব্য |
|------------|----------------------|-------------------|---------|--|-------------|----------------|--|---------|
| ৪ | সুতাং নদী "গ" অংশ | দেওডগাছ | ১০৭ | ৫৯, ৯৬, ১০৩৮ | | ২৭.৪৬ | ২৮৩৫০০০০ | |
| | | চান্দপুর চা বাগান | ১১১ | ৫০১, ৫৮০, ৯৪ ৬, ১৬১০, ১৬৫১, ২০২৬ | | | | |
| | | চান্দপুর | ১১০ | ২৯৩, ২৯৬ | | | | |
| | | এনাতাবাদ | ১০৯ | ২৬১ | | | | |
| | | মারুলউড়া চক | ৬২ | ৪২৮, ৪৬১, ৪৬৫, ৪২৭ | | | | |

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একর) | সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা) | মন্তব্য |
|------------|----------------------|----------------|---------|--|-------------|----------------|--|---------|
| ৫ | সুতাং নদী "খ" অংশ | পঞ্চাশ | ২৫ | ১৪৮৯, ১৪৮৪, ১ ৪৮৩, ১৮৭২, ১৯ ০৬, ১৯০৭, ১৯১ ২, ২০৭১, ২০৫৭, ২০৫৬, ২০৫৫, ২ ০৫২, ২৪৬৬, ২৪ ১৭, ২৪৬৮, ২৪৬ ১, ২৫৭৪, ২৫৪৫, ২৫৪২, ২৫৪১ | ৯৬.২৪ | ৪৭.৬২ | ৮৭৬৭৫০০ | |
| | | ফন্দাইল | ৩৪ | ১৫৯, ১৬২ | | | | |
| | | হলহলিয়ে দেউলি | ২৮ | ৩৯১, ৩৯৯, ১৯ ৯ | | | | |
| | | ফুলপুর | ৩২ | ৩২, ১৮৩, ১৬৫, ১৬৩, ৩৯২, ৩৯ ০, ৫০৯, ৬৬২, ৮৩২, ৮৩৩, ১, ১১, ২৬, ৩১ | | | | |
| | | উজাইলপুর | ৩১ | ১০২, ৮৮, ৮৬, ১ ১৭, ২৩৫, ৩১৫ | | | | |
| | | মাবেলওয়ারা | ৫৮ | ৪১, ১৭১, ৫২২ | | | | |
| | | | | | | | | |

| | | | |
|--|-------------------------|-----|---------------|
| | গাজীপুর | ৩০ | ৪৩১, ১৬৭, ১৬৬ |
| | লক্ষ্মরপুর চা বা গান | ১১৪ | ৩২৫ |
| | ধলিয়াবড় | ১১৩ | ৮৫, ১১৮, ১৪৫ |
| | দৌলত খাঁ | ১১২ | ১, ২৮৭, ৫৩২ |
| | মারেলউড়া চক | ৬২ | ৪২৫, ৪২৬ |

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একর) | সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা) | মন্তব্য |
|------------|--------------|------------------------|---------|---|-------------|----------------|--|---------|
| ৬ | ইছলিয়া ছড়া | জারুলিয়া চা বা গান | ১৫৬ | ৬৬১, ৬৮৫, ১৪ ৮৩, ১৮৫০, ২১৭ ৭ | ৯৩.৪০ | ৩৯.৩৬ | ৮২০০০০০ | |
| | | গোবর মলা চা বা গান | ১৫৫ | ১২০৬, (১২৮০/২ ৪৯০), (১৫৯৪/২ ৪৯৬), (১২৮০/২ ৪৯১) | | | | |
| | | গাজীপুর চা বা গান | ১৫৪ | ১ | | | | |
| | | উছমানপুর | ১৬০ | ১৩৬৭, ১৪৪১, ১ ৫৪৩, ১৫৪৪, ১১ ৬৮, ২০৩৬, ২০৪ ১, ২০৯৫, ২২০০, ২৬৬৮ | | | | |
| | | দুধপাতিল | ১৬১ | (২৫১/২৯৪), ১০২ ০, ১২৫৭ | | | | |

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | সিলিকা % | আয়তন (একর) | সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা) | মন্তব্য |
|------------|--------------|-----------|---------|----------------------------------|-------------|----------------|--|---------|
| ৭ | কালি ছড়া | মস্তোমপুর | ২৯ | ২৫০, ১, ২, ৪৫, ৫ ৮৭, ২৬১, ৬৩১ | ৯৫.১১ | ৫.২১ | ২৬৪০০০০ | |
| | | হরিরামপুর | ২৬ | ২৩৮, ৩৩০, ৪৮ ০ | | | | |

শর্তাবলি

০১। দরপত্রে অংশগ্রহণের আগে www.esheba.bomd.gov.bd-এ প্রবেশ করে নিবন্ধন করতে হবে। নিবন্ধন ব্যতীত কোনো দরপত্রে অংশগ্রহণ করা যাবে না।

০২। নির্ধারিত তারিখ পর্যন্ত প্রতি দরপত্রের জন্য ১০০০/- (এক হাজার) টাকা দরপত্র ফরমের মূল্য বাবদ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর অনুকূলে কোড নং ১/৪২৪১/০০০০/২৬৮১-তে ট্রেজারি চালানোর মাধ্যমে জমা দিয়ে ট্রেজারি চালানোর স্ক্যানকপি অনলাইনে আপলোড করে দরপত্র ফরম পূরণ করতে হবে। এক দফার চালান অন্য দফায় দরপত্র ফরম পূরণের সময় ব্যবহার করা যাবে না। একজন ব্যক্তি/প্রতিষ্ঠান ০৫টির (পাঁচ) বেশি কোয়ারির বিপরীতে দরপত্র দাখিল করতে পারবে না।

০৩। দরপত্রের সাথে দরদাতার হালনাগাদ ছবি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি), আয়কর ও ভ্যাট দেওয়ার সনদ, ট্রেড লাইসেন্স এবং যেকোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদপত্রের কপি (সত্যায়িত) দাখিল করতে হবে। দাখিলকৃত সব ডকুমেন্ট জেপিইজি/পিডিএফ ফরম্যাটে হতে হবে।

০৪। প্রতিটি সিলিকা বালু কোয়ারির বিপরীতে উদ্ধৃত ইজারামূল্যের ২৫% অর্থ আনেক্সটম্যানি বাবদ জেলা প্রশাসক, হবিগঞ্জ বরাবর যেকোনো তফসিলি ব্যাংকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে এবং অনলাইনে দরপত্র ফরম পূরণের সময় আনেক্সটম্যানি বাবদ জমাকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর স্ক্যানকপি আপলোড করতে হবে। অনলাইনে পূরণকৃত দরপত্র ফরমের হার্ডকপি এবং মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অবশ্যই জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখায় জমা দিতে হবে। অন্যথায় তার দাখিলকৃত দরপত্র মূল্যায়ন করা হবে না।

০৫। দরদাতা কর্তৃক আনেক্সটম্যানি বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে যা বিএমডি থেকে কোয়ারি ইজারা মঞ্জুরিপত্র ও কার্যাদেশ দেওয়ার পর ফেরত দেওয়া হবে, তবে নির্ধারিত সময়ের মধ্যে সম্মুদয় ইজারামূল্য জমা দিতে ব্যর্থ হলে বিধি অনুযায়ী তা সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের আনেক্সটম্যানি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ফেরত দেওয়া হবে।

০৬। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর সরকার কর্তৃক কোয়ারি ইজারা অনুমোদিত হলে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাকে ইজারামূল্যের অর্থসহ প্রদত্ত দরের ওপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর এককালীন পরিশোধ করতে হবে এবং বিধি অনুযায়ী মহাপরিচালক খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা-এর সাথে নিজ দায়িত্বে কোয়ারি ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনপূর্বক ব্যুরো থেকে ইজারা মঞ্জুরিপত্র ও কার্যাদেশ দেওয়া হবে। যথাসময়ে সম্পূর্ণ ইজারামূল্য ও সরকারি অন্যান্য পাওনাদি পরিশোধে ব্যর্থতায় দাখিলকৃত আনেক্সটম্যানি বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে এবং সিলিকা বালু পুনঃইজারা দেওয়া হবে।

০৭। যেসব সিলিকা বালু কোয়ারির ওপর সরকার/উচ্চ আদালত/দেওয়ানি আদালত বা অন্য কোনো আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সেসব সিলিকা বালু কোয়ারি ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এজন্য দেরিতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সব আদালতে আইনত অগ্রাহ্য হবে। এতদব্যতীত কোনো সিলিকা বালু কোয়ারির কোনো দাগের ওপর কিংবা সম্পূর্ণ সিলিকা বালু কোয়ারির ওপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ না হলেও ইজারা বহির্ভূত বলে গণ্য করা হবে।

০৮। অনুমোদিত দরদাতা/ইজারাগ্রহীতা কোনোক্রমেই কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত ইজারাপ্রাপ্ত সিলিকা বালু কোয়ারি অন্যের কাছে সাব-লিজ দিতে পারবে না। পূর্বানুমতি ব্যতীত সাব-লিজ দেওয়া হলে ইজারা বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

০৯। যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র কিংবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার নিরিখে সিলিকা বালু কোয়ারির তফসিল হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোনো সময় যেকোনো পর্যায়ে এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। প্রতি পর্যায়ে ইজারার জন্য গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট সিলিকা বালু কোয়ারিসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। দরপত্র যে পর্যায়ে বা সময়ে আহ্বান করা হোক না কেন, ইজারা মঞ্জুরির তারিখ থেকে ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত সংশ্লিষ্ট সিলিকা বালু কোয়ারির ইজারার মেয়াদ বলবৎ থাকবে। ইজারা মঞ্জুরি দিতে দেরি হয়েছে বা দখল নিতে দেরি হয়েছে, বৃষ্টি না হওয়া, উজান থেকে বালু আসেনি, পানি প্রবাহে বাঁধ দেওয়া বা বাঁধ না ছাড়ার কারণে কোয়ারি এলাকায় সিলিকা বালু জমা হয়নি এরূপ অজুহাতে ইজারার মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সর্ব আদালতে সর্বাধিকার অগ্রাহ্য হবে।

১১। ইজারা মঞ্জুরির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোয়ারির দখল ইজারাগ্রহীতার অনুকূলে হস্তান্তর করা হবে। ইজারা মঞ্জুরির পূর্বে কোয়ারি থেকে সিলিকা বালু উত্তোলন করা যাবে না। এরূপ উত্তোলন অবৈধ বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/আদেশ/নির্দেশ প্রতিপালন করতে হবে।

১২। ডু-উপরিভাগ থেকে সর্বোচ্চ ০৫ (পাঁচ) মিটার উল্লম্ব গভীরতা পর্যন্ত অযান্ত্রিক পদ্ধতিতে (কোদাল, শাবল, বালতি ও ঝুড়ি) পরিকল্পিতভাবে পিট (কূপ/গর্ত) খনন করে সিলিকা বালু উত্তোলন করতে হবে।

১৩। পরিবেশের ভারসাম্য বজায় রাখতে ড্রেজার/বোমা মেশিন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। জনস্বার্থ ক্ষুণ্ণ হয় এমন কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।

১৪। ইজারাগ্রহীতা সিলিকা বালু উত্তোলনকালে খননকৃত কূপের ঢাল, পরিসীমা/চৌহদ্দি, বালুর ডিপোর সংখ্যা, অবস্থান ও পরিবহনের রাস্তা সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে বজায় রাখবেন ও সংরক্ষণ করবেন।

১৫। সেতু, কালভার্ট, ড্যাম, ব্যারেজ, বাঁধ, সড়ক, মহাসড়ক, রেললাইন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনা থেকে সর্বনিম্ন ১৫০ (একশত পঞ্চাশ) মিটার এবং বসত বাড়ি, ভবন, বাজার, শিক্ষা স্থাপনা ও কবরস্থান থেকে সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) মিটার দূরত্ব বজায় রেখে কোয়ারি কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৬। সিলিকা বালু কোয়ারি ইজারাকালীন বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশের কারণে ইজারাদার ক্ষতিগ্রস্ত হলে এর জন্য কোনো ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১৭। খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ এবং খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং ইজারা সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারিকৃত সার্কুলার ও পরিপত্র ইজারাগ্রহীতাগণ অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন।

১৮। ইউনিয়ন-উপজেলা পর্যায়ের রাস্তাগুলোর সহনীয় ক্ষমতা কম থাকায় বালু পরিবহণে ১০ চাকার ট্রাক ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং ইজারাগ্রহীতাগণ অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন।

১৯। এ দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইট (www.habiganj.gov.bd) ও বিএমডি-এর ওয়েবসাইট (www.bomd.gov.bd)-এ পাওয়া যাবে।



ইশরাত জাহান

জেলা প্রশাসক

ফোন: ০৮৩১-৬২১০০

ইমেইল: dchabiganj@mopa.gov.bd

বিতরণ :

- ১) সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকা, ঢাকা। (তাঁর পত্রিকার ভেতরের পাতায় স্বল্প পরিসরে কেবলমাত্র একদিনের জন্য বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ২) সম্পাদক, দৈনিক আয়না পত্রিকা, হবিগঞ্জ। (তাঁর পত্রিকার ভেতরের পাতায় স্বল্প পরিসরে কেবলমাত্র একদিনের জন্য বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৮.৬৬.০০৪.২১.২৬ /১(১৫)

তারিখ: ৪ চৈত্র ১৪২৭
১৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), সেগুন বাগিচা, ঢাকা।
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, ঢাকা।
- ৬) জেলা প্রশাসক, সুনামগঞ্জ/সিলেট/মৌলভীবাজার।
- ৭) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ৮) পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ৯) বিভাগীয় প্রধান....., হবিগঞ্জ।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর/চুনারুঘাট/বাহুবল, হবিগঞ্জ।
- ১১) সহকারী কমিশনার (ভূমি), চুনারুঘাট/বাহুবল/মাধবপুর, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার গুরুত্বপূর্ণ স্থানে/হাটবাজারে মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১২) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩) জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি গুরুত্বপূর্ণ স্থানে/হাটবাজারে মাইকযোগে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪) অফিস কপি/সংরক্ষণ নথি
- ১৫) অত্র নোটিশ বোর্ড।

Ishrat

ইশরাত জাহান
জেলা প্রশাসক